# সিপিটিডি জন্য ক্ষতিপূরন বাবদ প্রাপ্য সুবিধার (এনটাইটেলমেন্ট) কাঠামো

| ক্রমিক সংখ্যা | সমস্যা | উপভোক্তা | এনটাইটেলমেন্টরবিকল্পসমূহ |
|---|---|---|---|
| ১. | টাওয়ার বেসের নীচের জমি | স্বত্বাধিকারী | ভূমি রাজস্ব কর্তৃপক্ষ দ্বারা নির্ণীত জমির বাজার মুল্যের ১০০শতাংশ আলাপ-আলোচনার ভিত্তি করে প্রকৃত অধিগ্রহণ সব/হস্তান্তরের বন্দোবস্ত করা। |
| ২. | পরিবহন লাইনের করিডরে থাকা ফসল এবং গাছের ক্ষয়ক্ষতি | স্বত্বাধিকারী/ ভারাটে/ভাগ চাষি/পাট্টাদার | ফসলের বাজার দর হিসাবে প্রকৃত চাষির জন্য ক্ষতিপূরন এবং ফল সমেত গাছের জন্য পরবর্তী ৮ বছরের উপার্জন এর সমতুল্য। ফসল কাটার জন্য PAPs, দের তরফ থেকে আগাম বিজ্ঞপ্তি দেওয়া হবে.<br>সমস্তকাঠ স্বত্বাধিকারিকে রেখে দেওয়ার অনুমুতি দেওয়া হবে। |
| ৩. | অন্যান্য ক্ষতি (যদি প্রযোজ্য হয়) | সমস্তAPs দের জন্য | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন করা প্রকৃত মুল্যের সমতুল। |
| ৪. | পরিকাঠামোর ক্ষতি | | |
| (i) | বাড়ি | স্বত্বাধিকারী | পূর্ণনির্মাণ জন্য প্রয়োজনীয় অর্থ নগদে ক্ষতিপূরণ হিসাবে দেওয়া হবে উদ্ধার করা সামগ্রির মূল্য বাদ না দিয়ে) তদুপরি নগদ ২৫০০ টাকা (পিছিয়ে পড়া বাড়ি নির্মাণে ভারত সরকারের প্রচলিত অনুযায়ী) দেওয়া হবে নতুন বাড়ি তৈরি এবং নতুন স্থানে যাওয়ার খরচ বাবদ বিভাগ-৫ নীচের তালিকাটি অনুযায়ী। |
| (ii) | দোকান/প্রতিষ্ঠান/ গবাদিপশুর চালা | ব্যক্তি স্বত্বাধিকারী | নীচের বিভাগ-5 অনুসারে সাময়িক কাজ চালাবার মত চালা/ দোকান তৈরি , নতুন স্থানে যাওয়ার খরচ বাবদ নগদ ১০০০০ টাকা পর্যন্ত সুবিধা। |
| ৫. | উপরোক্ত ১ ও ২ এর ক্ষেত্রে নতুন স্থানে যাওয়ার পথে হওয়া ক্ষতি | পরিবার/ব্যক্তি | জিনিসপত্র/গবাদি পশু বর্তমান জায়গার থেকে বিকল্প জায়গা স্থানান্তরের জন্য পরিবহন বা সমতুল্য নগদ অর্থের ব্যবস্থা। |
| ৬. | উপজাতি/আরথ সামাজিকভাবে দুর্বলএপি দের জন্য | আর্থসামাজিক ভাবে দুর্বলএপি দের জন্য[1] | রাজ্য কর্তৃপক্ষ/এডিসি/ ভিসির সুপারিশ ক্রমে মোট ক্ষতিপূরনের অনধিক25% অতিরিক্ত এককালীন অর্থ সহায়তা |

[1] আর্থিক-সামাজিকভাবে পিছিয়ে পড়া PAP ,তফশিল এলাকায় বসবাসকারী তফশিলি উপজাতি / শারীরিক প্রতিবন্ধী / কর্মহীন পরিবার ইত্যাদি

# স্টেকহোল্ডার দের সাথে আলোচনা

সংশ্লিষ্ট মানুষদের সাথে আলোচনা যেকোন উন্নয়নের নীতিকাঠামো তৈরির অবিচ্ছেদ্য অংশ।সেই অনুযায়ী শুরু থেকে ESPPF তৈরিতে এর প্রয়োগ করা হয়।এছাড়া বিভিন্ন ব্যক্তিদের সঙ্গে আলাপ আলোচনা করা ছাড়াও অন্যান্য Stakeholders এবং পরিষেবা প্রদানকারী সংস্থাদের সাথে বিভিন্ন বিষয়ে আলোচনার আয়োজন করা হয় যা বিস্তারিত ভাবে নীচের টেবিলে উপস্থাপিত করা হলঃ

| ক্রমিক সংখ্যা | তারিখ | আলোচনারস্থান | অংশগ্রহণকারী | উপস্থিতব্যক্তিসংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ১৭ ডিসেম্বর ১৩ | TSECLকার্যালয়, আগরতলা | TSECL এবং POWERGRID এর প্রতিনিধিরা | ১০ |
| ২. | ১৭ ডিসেম্বর ১৩ | TSSAC কার্যালয়, আগরতলা | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও কালেক্টর, পশ্চিম ত্রিপুরা, TSSAC রকর্মকর্তা ও TSECL র প্রতিনিধিরা | ৮ |
| ৩. | ১৮ ডিসেম্বর ১৩ | TTAADCকার্যালয়, খুমুলং,পশ্চিম ত্রিপুরা | TTAADC, and TSECL–এর প্রতিনিধিরা | ৮ |
| ৪. | ১৮ ডিসেম্বর ১৩ | ত্রিপুরা সরকারের বনবিভাগ কার্যালয় | TSECL এবংবনবিভাগের প্রতিনিধিরা | ৫ |
| ৫. | ৯ এবং ১০ জানুয়ারী ১৪ | POWERGRID HVDC কার্যালয়, গুয়াহাটি | 6 রাজ্য ইউটিলিটি থেকে প্রতিনিধিরা, POWERGRIDএবং বিশ্ব ব্যাংক | ২৬ |
| ৬. | ২০ এপ্রিল ১৪ | TSECLকার্যালয় আগরতলা | TSECL এবং POWERGRID এর প্রতিনিধিরা | ২৫ |
| ৭. | ২১ এপ্রিল ১৪ | কৈলাসহর,উনকোটি, ত্রিপুরা | TSECL এবং POWERGRID এর প্রতিনিধিগন,গ্রাম পঞ্চায়েত এবং সাধারণ মানুষ | ১৪ |
| ৮. | ২৮অক্টোবর ১৪ | TTAADC কার্যালয়, খুমুলং,পশ্চিম ত্রিপুরা | TTAADC, POWERGRID,TSECL কর্মকর্তাগন এবং বিশ্ব ব্যাংকের প্রতিনিধিরা | ৬ |
| ৯. | ২৯ অক্টোবর ১৪ | TSECLকার্যালয় আগরতলা | POWERGRID,TSECL-এর কর্মকর্তা এবং বিশ্ব ব্যাংকের প্রতিনিধিরা | ১৮ |
| ১০. | ২৯ অক্টোবর ১৪ | ত্রিপুরা সরকারের সচিবালয়,আগরতলা | ত্রিপুরা সরকারের বিদ্যুৎ মন্ত্রক,TSECL POWERGRID–এবং বিশ্ব ব্যাংকের প্রতিনিধিরা | ১০ |
| ১১. | ১৮ অক্টোবর ১৪ | TSECLকার্যালয় আগরতলা | POWERGRID এবং TSECL–এর প্রতিনিধিগন | ৮ |
| ১২. | ২০ এবং ২১ মার্চ ১৪ | TSECLকার্যালয় আগরতলা | POWERGRID এবং TSECL–এর প্রতিনিধিগন | ১২ |
| ১৩. | ২৪ মার্চ ১৪ | প্রতিনিধিগন হোটেল ব্রহ্মপুত্র,অশোক,গুয়াহাটি | 6 রাজ্য ইউটিলিটিথেকে প্রতিনিধিগন, POWERGRID এবং বিশ্ব ব্যাংক | ৪০ |

উপরোক্ত সমস্ত আলোচনা ৩০মার্চ,২০১৫ আগরতলা, ত্রিপুরায় আয়োজিত রাজ্যস্তরের আলোচনায় সমন্বিত হয়।স্টেকহোল্ডারের থেকে মূল্যবান মতামত প্রাপ্ত করার জন্য,খসড়া ESPPF এবং তার সহ নির্বাহী সারাংশস্থানীয়ভাষায় (বাংলা) অনুবাদ করে TSECL ওয়েবসাইটে বহু পূর্বেই আপলোড করা হয়।এছাড়াও রেফার করার উদ্দেশ্য তার ছাপানো প্রতিলিপি TSECL অফিসে উপলব্ধ করাহয়।স্টেকহোল্ডার এবং সাধারণ মানুষদের বিশদে আলোচনার তারিখ, স্থান এবং আলোচনাসময়সীমা সংক্রান্ত তথ্য স্থানীয়বাংলা এবং ইংরেজি দৈনিক যেমন 'দৈনিকসংবাদ, দৈনিকদেশেরকথা, ত্রিপুরাটাইমস ও ত্রিপুরা অবসারভার ইত্যাদিতে' বিজ্ঞপ্তিমাধ্যমে জানানো হয়।


ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড
(ত্রিপুরা সরকারের অধীনস্থ একটি সংস্থা)

জনসাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞপ্তি

ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের উদ্যোগে আগামী ৩০শে মার্চ, ২০১৫ ইং বেলা ১১.৩০ ঘটিকায় আগরতলার প্রজ্ঞা ভবনে " পরিবেশ এবং সামাজিক নীতি ও প্রক্রিয়ার কাঠাম-গঠন" শীর্ষক বিষয়ে এক পরামর্শ ও আলোচনাচক্রের আয়োজন করা হয়েছে। এই পরামর্শ ও আলোচনাচক্রে আগ্রহী ব্যক্তিগণ উপস্থিত থেকে মূল্যবান পরামর্শ প্রদানের জন্য বিদ্যুৎ নিগমের পক্ষ থেকে অনুরোধ রইল। উক্ত বিষয়ের প্রতিলিপি এডিশনাল জেনারেল ম্যানেজার, ট্রান্সমিশন সার্কেল, ৭৯টিলা, আগরতলা অফিসে পাওয়া যাবে বা নিগমের ওয়েবসাইট (http://www.tsecl.gov.in) থেকেও দেখা যাবে।

ডাইরেক্টর (টেকনিক্যাল)
ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড
আগরতলা।

" Dainik Sambad "


TRIPURA STATE ELECTRICITY CORPORATION LIMITED
(A Govt. of Tripura Enterprise)

INVITATION

Tripura State Electricity Corporation Ltd is going to organize a Consultation Workshop on its newly developed "ENVIRONMENTAL AND SOCIAL POLICY & PROCEDURES FRAMEWORK (ESPPF)" on 30th March, 2015 at 11-30am at Pragna Bhawan, Agartala in connection with the NER Power System Improvement Project funding under World Bank, Govt. of India and Govt. of Tripura.

All the Stake holders or their authorized representatives are invited to kindly remain present in the afore-mentioned workshop and offer their valuable/suitable suggestions on the subject. Copy of the ESPPF can be accessed at TSECL website: http://www.tsecl.gov.in.

23/03/15
(S. K. Ray)
Chairman – cum – Managing Director
Tripura State Electricity Corporation Ltd.
Bidyut Bhavan, Agartala.

Memo No. F. CMD. 14.0 / TSECL/ 1,453-83    Dt : 23.03.2015

Copy to:
1. P.S. to The Hon'ble Minister (Power), Govt. of Tripura, for his kind information.
2. The Principal Secretary (Power), Govt. of Tripura, for his kind information.
3. The Principal Chief Conservator of Forests (PCCF),Tripura, Agartala.
4. The PCCF & Chief Wild Life Warden, State Wild Life Board, Tripura, Agartala.
5. The Labour Commissioner, Department of Labour, Govt. of Tripura, Agartala.
6. The Engineering-in-Chief, PWD, Govt. of Tripura, Agartala.
7. The Registrar, Academic, Tripura University, Suryamaninagar, Bishalgarh.
8. The Director, NIT Agartala.
9. The Principal, TIT, Agartala.
10. The Director, Department for Welfare of SC, OBC & RM, Govt. of Tripura.
11. The Director, Department of Welfare for Scheduled Tribes, Govt. of Tripura.
12. The Director, Panchayats, Govt. of Tripura, Pandit Nehru Complex, Gorkhabasti, Agartala.
13. The Director, Health, Govt. of Tripura, Agartala.
14. The Director of Agriculture, Govt. of Tripura, Agartala.
15. The Director of Horticulture, Govt. of Tripura, Agartala.
16. The Director, Land Records & Settlement, Govt. of Tripura, Agartala.
17. The Director, UDD, Govt. of Tripura, Agartala.
18. The Managing Director, TFDPC , Abhoynagar, Agartala, Tripura.
19. The Managing Director, TRPC Ltd, Palace Compound North, Agartala.
20-27. The DM & Collector, West / Sepahijala / Khowai / Gumti / South / Dhalai / Unokoti / North, Tripura.
28. The Chief Executive Officer, AMC, Agartala.
29. The Chief Executive Officer, TTAADC, Khumlung, Jirania.
30. The Scientist - C & HoD, Pollution Control Board, Agartala.
31. The Deputy Rubber Production Commissioner, Rubber Board Complex, Chandmari, Kunjaban.

Chairman – cum – Managing Director

Bidyut Bhavan, North Banamalipur, Agartala – 799 001, Tripura
Phones: 0381-222-6061 / 232-5843 / 222-6013 FAX: 0381-2319427 / 222-5356

এছাড়াওপৃথক আহ্বানপত্র রাজ্যসরকারের নির্বাচিত সংশ্লিষ্টবিভাগ,শিক্ষাসংস্থা/প্রতিষ্ঠান,গুরুত্বপূর্ণ এনজিও, গণমাধ্যমএবং প্রকল্পে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রেরন করা হয়।

আগরতলার প্রগ্না ভবনে আয়োজিত এই কর্মশালাটি সাধারণমানুষ, paps, এনজিও,মানবাধিকারসংস্থা,গণমাধ্যম(প্রিন্টওইলেক্ট্রনিকউভয়), শিক্ষাসংস্থা/প্রতিষ্ঠান,স্থানীয় প্রশাসনিক কর্মকর্তা,বনবিভাগ, শ্রমদপ্তর, পঞ্চায়েত, পূর্তবিভাগ, SC ওয়েলফেয়ার, H & F ওয়েলফেয়ার, ভূমিসংরক্ষণ ও নিষ্পত্তি দপ্তরের আধিকারিক সহ বিভিন্ন ক্ষেত্র থেকে ৮৫ জন ব্যক্তি অংশগ্রহন করেন।বিশ্বব্যাংক, পাওয়ারগ্রিড, ও TSECLর প্রতিনিধিরাও কর্মশালায় উপস্থিত ছিলেন এবং কার্যক্রম পরিচালন এবং নথি ভুক্ত কাজে সহযোগিতা করেন।








মিস্টার রঞ্জন দেববর্মন, এজিএম(ট্রান্সমিশনসার্কেল) TSECL দ্বারা সকল অংশগ্রহণকারীদের অভ্যর্থনার মাধ্যমে এই কর্মশালা উদ্বোধন করেন।তাঁর ভাষণে তিনি রাজ্যের বর্তমান বিদ্যুৎ পরিবহন এবং বিতরন পরিকাঠামো ব্যবস্থা এবং TSECLর টিডি প্রকল্পের ওপর আলোকপাত করেন।যদিও TSECLর বিদ্যুৎ পরিকাঠামো সমস্ত জেলা সদর দপ্তর এবং প্রধানশহর পর্যন্ত বিস্তৃত কিন্তু দুর্বল পরিবহন

ব্যবস্থার কারনে T&D লোকসান হয়, এবং এই ঘাটতির কারণে অধিকাংশ জায়গায় অপর্যাপ্ত বিদ্যুৎতের জোগান অনিশ্চয়তা বাড়িয়ে দেয় । তার জন্য রাজ্যের বিদ্যুৎ পরিবহন ও বিতরন ব্যবস্থার শক্তিশালীকরণ একান্ত প্রয়োজন। এছাড়াও তিনি বিদ্যুৎ পরিবহন ও বিতরন ব্যবস্থার উন্নতি সাধন এবং NERPSIP এর tranche -1 অধীনে প্রস্তাবিত বিনিয়োগের প্রসঙ্গ তুলে ধরেন।তিনিদীর্ঘস্থায়ী উন্নয়নের জন্য পরিবেশগত ও সামাজিক বিষয় পরিচালনার জন্য ESPPF–র প্রয়োজনীয়তা ব্যাখ্যা করেন।

মিস্টার M.K. চৌধুরী, ডিরেক্টর (টেকনিক্যাল) অধিবেশন পরিচালনা করেন এবং তিনি TSECL-র সিএমডি–কে এ সংক্রান্ত কয়েকটি কথা বলতে অনুরোধ করেন।





CMD সংক্ষিপ্ত ভাবে দীর্ঘস্থায়ী উন্নয়নের গুরুত্ব ব্যাখ্যা করেন।এছাড়াও তিনি উল্লেখ করেন যে কাঠামোগত পদ্ধতিতে পরিবেশগত ও সামাজিক প্রভাব মূল্যায়ন এবং তার জন্য উপযুক্ত ব্যাবস্থা গ্রহণ ছাড়া কোন প্রকল্প সফলভাবে সময়মতো সম্পন্ন করা যাবে না,প্রায় 1500 CKT উৎপাদন ক্ষমতা ছাড়াও 132 কেভি ও 33 কেভি পরিবহন/বিতরন ব্যবস্থার প্রায় 1400 MVA ক্ষমতাসম্পন্ন একই শ্রেণীর ভোল্টেজ মাত্রার ৪৩ নতুনসাবস্টেশনের বিতরন ব্যবস্থার খরচ আনুমানিক 1350 কোটি টাকা।



মিস্টার হিমাংশু রায়,সভাধিপতি,দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদ,তার ভাষণে তিনি রাজ্যের নির্ভরযোগ্য বিদ্যুৎ পরিষেবা এবং সময়মত প্রকল্প শেষ করার প্রয়োজনে পূর্ণ সহযোগিতার আশ্বাস দেন।

এরপর ডঃ কে শ্রীবাস্তব, অতিরিক্ত জেনারেল ম্যানেজার (পরিবেশওসমাজপ্রবন্ধন) POWER GRID কে আহ্বান জানানো হয় যাতে তিনি অংশ গ্রহণকারীদের / কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধি ও তাদের বোঝার জন্য সংক্ষিপ্তভাবে TSECL এর 'ESPPF' বিষয়বস্তু উপস্থাপন করেন



তিনি সবাইকে TSECL প্রক্লপের পরিপ্রেক্ষিতে ESPPF প্রসঙ্গে অবহিত করান, TSECL এর পরিবেশগত ও সামাজিকনীতি, ESPPF মূলনীতি, বিধির প্রয়োজনীয়তা, TSECL প্রকল্পচক্র,সম্ভাব্য পরিবেশগত ও সামাজিক বিষয,পরিবেশগত ও সামাজিক সুরক্ষা প্রবন্ধনের পদ্ধতি,প্রাতিষ্ঠানিক কাঠামো, অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়া এবং নজরদারি কাঠামোর বাখ্যা করেন।

উপস্থাপনা শেষ হওয়ার পর অংশগ্রহণকারীদের মতামত / পরামর্শ /আলোচনার জন্য আমন্ত্রণ জানানো হইয়। সেইমতো ডঃ শ্রীবাস্তব এবং ত্রিপুরা সরকারের মুখ্যসচিব (পাওয়ার) মিস্টার রাকেশ, পরিচালক (টেক.)TSECL কে অনুরোধ করা হয় যথাযথভাবে প্রতিক্রিয়া জানানোর জন্য।

মিস্টার তালুকদার, PCCF,বনবিভাগ ত্রিপুরা সরকারের, তরফ থেকে প্রকল্প সময়সীমার মধ্যে শেষ করার জন্য এবং প্রয়োজনীয়ছাড়পত্রে প্রদানেরজন্য পূর্ণসহায়তার প্রতিশ্রুতি দেওয়া হয়।তিনি প্রস্তাব দেন TSECL/ POWERGRID-র বন্যপ্রাণী এলাকার যথাসম্ভব এড়িয়ে চলা উচিত,কারন এ সব ক্ষেত্রে পদ্ধতি গত জটিলতার কারন এ উচ্চ আদালতের তরফে ছাড়পত্র পাওয়াতে অনিশ্চয়তা থাকে যার কারনে প্রক্রিয়াটি বিলম্বিত হয়। TSECL // POWERGRID এইপরামর্শ স্বীকার করে এবং সমস্ত সম্ভাব্য প্রচেষ্টার মাধ্যমে এইসব অঞ্চলকে এড়ানোর প্রক্রিয়াটি অবগত করে।এছাড়াও তিনি ব্যবস্থা উন্নতি এবং বিলিং জন্য প্রস্তাব করেন। TSECL কর্মকর্তারা ওনাকে অবগত করেন যে উপভোক্তাদের বিদ্যুৎ বিতরণ এবং বিলিং ইত্যাদি বিষয়গুলি RGGVY এরং, APDRP র আওতাধীন।



মোহনপুর এলাকার প্রতিনিধিরা TSECL প্রকল্প নির্মাণের জন্য জমিসহ তাদের সমর্থন ব্যক্ত করেন।এছাড়াও তারা প্রস্তাব করেন প্রকাশ্য আলোচনা সভার মাধ্যমে জিজ্ঞাসা নিরসন ও তাদের সচেতন করার জন্য অভিযোগ নিষ্পত্তি কমিটির সময়মত সক্রিয় হতে হবে এবং বিভিন্ন স্থানে সভা আয়োজন করতে হবে।TSECL/POWERGRID ব্যাখ্যা করেন যে সময় সীমার মধ্যে অভিযোগের এবং মীমাংসার জন্য পর্যাপ্ত বিধান ইতিমধ্যে ESPPPF-তে সংযোজিত হয়েছে।

মিস্টার পি এল ঘোষ (এনজিও)উল্লেখ করেন যে যেইসব ভূমি মালিকরা যারা প্রক্লপের উদ্দেশ্যে জমিপ্রদান করবেন সেইসব এলাকা বা গ্রাম বিদ্যুৎ থেকে বঞ্চিত থাকা উচিত নয়।তিনি সামাজিক উন্নয়ন কাজ হিসেবে সৌরশক্তি ইত্যাদি বিকল্প উৎসের মাধ্যমে বিদ্যুৎপ্রদান/ বিতরণের সুপারিশ করেন।এছাড়াও তিনি গ্রামনিকটস্থ বিদ্যুৎ লাইন থেকে দুর্ঘটনা জনিত নিরাপত্তা এবং সুরক্ষার অনুরোধ করেন।TSECL / গ্রিডের প্রতিনিধিরা এই বিষয়ে নোটগ্রহণ করেছেন।তিনি মনে করেন এই প্রকল্পটি চালু হওয়ার পর জলবায়ু পরিবর্তনের উপর তার প্রভাব পড়বে এবং এই সমস্যা মোকাবিলার জন্য ESPPF এ পর্যাপ্ত প্রশমন ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছেন।

ডঃ শ্রীবাস্তব উল্লেখ করেন যে বিদ্যুৎ পরিবহন প্রকল্পের দূষণ এবং অত: পর জলবায়ু পরিবর্তনের সমস্যার জন্য টিডি প্রকল্পকে দায়ি করা হয়না এবং বিদ্যুত্ উ্তপাদন প্রকল্প থেকে পৃথক কোন GHG নির্গত হয় না।উপরন্তু, বিশ্বব্যাংকের কর্মক্ষমনীতি 4.12 সম্মতি বিষয়ে: অনৈচ্ছিক পুনর্বাসন,এটি ব্যাখ্যা করা হয়েছে যে ESPPF অন্তর্ভুক্ত মাধ্যমে একই সমাজ পরিচালনার কাঠামোর (SMF) সুরাহা হবে।

মিস্টার পার্থ প্রতীম মজুমদার (বিশালগড় পৌরসভা) উল্লেখ করেন যে TSECL তাদের অব্যবহৃত জমিতে প্রস্তাবিত কার্য কলাপ সম্পর্কে চিন্তাভাবনা করা উচিত এবং এগুলিকে একইভাবে গ্রিনজোনহিসাবে বিকশিত করা। রাবার বাগানের জন্য সর্বোচ্চক্ষতিপূরণ প্রদান করা উচিত এবং স্থানীয়দের চাহিদা অনুযায়ী অন্য কোন ক্ষতিপূরণও করা উচিত।TSECL/POWERGRID এই সমস্ত নোট গ্রহণ করেছে এবং এটি বলার অপেক্ষা রাখেনা পরিবর্তিত Compensatory Plan for Temporary Damages (CPTD) অস্থায়ী ক্ষতির বিভিন্ন ধরনের ক্ষতিপূরণএনটাইটেলমেন্ট ম্যাট্রিক্সয়ে অন্তর্ভুক্ত করা হইয়েছে (বাস্তবায়নের আগে) ক্ষতিগ্রস্থ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ইন্টারফেসর সঙ্গে আলোচনা করে সঠিক জরিপের মাধ্যমে স্থানীয়/জেলাপ্রশাসনের পরিপূর্ণপদ্ধতি পালন করা হয়েছে।

যদিও শ্রীমতিরিতারায়,সচিব,ত্রিপুরা Adibashi মহিলাসমিতির (এনজিও) ও জোনাল অর্গানাইজার বিভাগ জোন, Bamutia খোকন দেবনাথ এবং রানির বাজারের চন্দন দাস, , বর্ণিত ESPPFসম্পর্কে তাঁদের উদ্‌বেগ প্রকাশ করেন ।মিসেস অঞ্জনা( বরুয়া) রানির বাজার,একযোগে প্যানেলর সদস্যরা অনুরোধ করেন যে সম্ভাব্য প্রকল্পের যেখানে সম্ভব এলাকায় দৈনিক মজুরি ভিত্তিতে কাজপ্রদান / বেকার যুবকদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে। TSECL / POWERGRIDএর তরফ থেকে অবহিত করা হয় যে ইতিমধ্যে কাজের চুক্তি তে অদক্ষ কাজের জন্য স্থানীয় মানুষদের অন্তর্ভুক্ত করাকে প্রাধান্য দিতে বলা হয়েছে এবং এটি সম্ভাব্য প্রকল্প এলাকায় বাস্তবায়ন করা হবে।



ত্রিপুরা সরকারের মুখ্যসচিব (পাওয়ার) মিস্টার রাকেশ কর্মশালার আলোচনা / মতামতের সময় উত্থাপিত বিষয়ে সার সংকলনের সিদ্ধান্তে আসেন এবং তার পক্ষ থেকে অংশ গ্রহণকারীদের আশ্বাস দেওয়া হয় যে প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে শলা-পরামর্শের প্রক্রিয়াচলতে থাকবে এবং উপস্থিত সকলকে নিজের কৃতজ্ঞতা ব্যক্ত করেন ।

NERPSIP অঞ্চলে বিদ্যুৎ পরিবহণ ব্যবস্থার প্রভূত উন্নতি সাধনের লক্ষ্যে জনসাধারণের পরামর্শ সম্পর্কিত তথ্য বহুল প্রচারিত স্থানীয় সংবাদপত্র ও ইলেকট্রনিক মিডিয়ায় গুরুত্ব সহকারে প্রকাশিত হয়েছিল, বিশেষত ত্রিপুরা রাজ্যে।এই বিষয় শ্রেণীতে ESPPF তৈরীর জন্য সকল স্টেকহোল্ডার এবং সম্প্রদায়কে প্রথমবার সম্পৃক্ত করা হয়েছে যা একটি ইতিবাচক প্রক্রিয়ার মধ্যে পড়ে এবং এটি একটি সমাদৃত প্রক্রিয়া ছিল যা রাজ্য সরকার দ্বারা ভবিষ্যতে অন্যান্য প্রকল্পের অনুলিপি হিসেবে ব্যবহার করা যেতে পারে।

===***===